

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

শিক্ষা মন্ত্রণালয়

মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ

আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউট (আমাই)

১/ক, শহীদ ক্যাপ্টেন মনসুর আলী সরগি

শেপুনবাগিচা, ঢাকা ১০০০

[www.imli.gov.bd](http://www.imli.gov.bd)


## আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউটের উদ্ভাবিত ও অনুসৃত 'ইনোভেটিভ/সৃজনশীল কর্মপদ্ধতি/উত্তম চর্চা' বিষয়ক তথ্য

মন্ত্রণালয়/বিভাগের নাম: মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়

ক্রমিক	মন্ত্রণালয়/বিভাগ/দপ্তর/সংস্থার নাম	উদ্ভাবিত ও অনুসৃত 'ইনোভেটিভ/সৃজনশীল কর্মপদ্ধতি/উত্তম চর্চা'র নাম	উদ্ভাবিত ও অনুসৃত 'ইনোভেটিভ/সৃজনশীল কর্মপদ্ধতি/উত্তম চর্চা'র সংক্ষিপ্ত বিবরণ	উদ্ভাবিত ও অনুসৃত 'ইনোভেটিভ/সৃজনশীল কর্মপদ্ধতি/উত্তম চর্চা'র কার্যক্রম শুরুর সময়/তারিখ
১.	আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউট	(১) আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউটের লাইব্রেরিতে বঙ্গবন্ধু ও মুক্তিযুদ্ধ কনার স্থাপন	আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউট আইন, ২০১০-এর ধারা ৭ (২০) অনুসারে আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউট কর্তৃক আন্তর্জাতিক মানের লাইব্রেরি স্থাপনের নির্দেশনা রয়েছে। সে মোতাবেক আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউট স্থাপন প্রকল্প (২য় পর্যায়)-এর অধীনে ইনস্টিটিউটের ৫ম তলায় এ গ্রন্থাগারে স্থাপন করা হয়। বর্তমানে গ্রন্থাগার অটোমেশনের কার্যক্রম চলমান। এ গ্রন্থাগারে ভাষা, ভাষাবিজ্ঞান, ভাষা আন্দোলন, মুক্তিযুদ্ধ ও জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান-এর জীবনী সংক্রান্ত পুস্তকের সমৃদ্ধ সংগ্রহ রয়েছে। এ সংক্রান্ত পুস্তকসমূহ পাঠ ও গবেষণার জন্য পাঠক ও গবেষকগণ নিয়মিত এ গ্রন্থাগারে আসেন। এ গ্রন্থাগারে পুস্তকসমূহ বিশেষ বিষয়ভিত্তিক বিন্যস্ত করা হয়। ফলে গ্রন্থাগারের বিভিন্ন শেলফ থেকে পাঠক ও গবেষকগণের পক্ষে কাঙ্ক্ষিত বিষয়ের বিশেষ করে বঙ্গবন্ধু ও মুক্তিযুদ্ধ বিষয়ক পুস্তক খুঁজে বের করার বিষয়টি সময় সাপেক্ষ হয়ে দাঁড়ায়। ফলে সময়ের অপচয় ঘটে এবং অনেক সময় গুরুত্বপূর্ণ পুস্তক তাদের দৃষ্টি এড়িয়ে যায়। এ সমস্যা সমাধানকল্পে গ্রন্থাগারের উত্তর-পূর্ব পাশে 'বঙ্গবন্ধু ও মুক্তিযুদ্ধ কনার' স্থাপন করা হয়। উক্ত কনারে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ও মুক্তিযুদ্ধ সংক্রান্ত সকল পুস্তক পৃথকভাবে শেলফ-এ রাখা হয়েছে এবং সেখানে বসেই পুস্তক পাঠের জন্য সুযোগ রাখা হয়েছে।	২১ ফেব্রুয়ারি ২০২০
		(২) হেইল লিখন-বিষি প্রকাশনা	আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউটের আওতায় হেইল লিখন-বিষিতে বিভিন্ন প্রকাশনার কাজ সম্পন্ন করা হয়ে থাকে। ইতোমধ্যে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৭-ই মার্চের ঐতিহাসিক ভাষণ, ঐতিহাসিক স্বদেশ প্রত্যাবর্তন ভাষণ, মাতৃভাষা বিষয়ক ভাষণ ও নির্বাচিত রচনা এবং মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা'র 'ভালোবাসি মাতৃভাষা' লেখাটি হেইল লিখন-বিষিতে প্রকাশ করা হয়েছে। এর ফলে দৃষ্টি প্রতিবন্ধীরা জাতির পিতার উল্লিত ভাষণসমূহ এবং মাননীয় প্রধানমন্ত্রীর লেখা সম্পর্কে অবগত হবে।	* জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৭ই মার্চের ঐতিহাসিক ভাষণ: ২০ জুন ২০২১ * মাতৃভাষা বিষয়ক ভাষণ ও নির্বাচিত রচনা-২০ জুন ২০২১ * ঐতিহাসিক স্বদেশ প্রত্যাবর্তন ভাষণ: ১০ জানুয়ারি ২০২০ * মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা'র 'ভালোবাসি মাতৃভাষা'- জানুয়ারি ২০১৯
		(৩) বিভিন্ন বিদ্যালয়ের শিক্ষার্থীদের জন্য ভাষা জাদুঘর পরিদর্শনের আয়োজন করা	আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউটে ভাষা-জাদুঘর প্রতিষ্ঠা করা হয়েছে। মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা ২০১১ সনের একুশে উদযাপন অনুষ্ঠানমালার উদ্বোধন শেষে জাদুঘরটি উদ্বোধন করেন। ভাষা-জাদুঘরে ভাষা-আন্দোলনের দুর্লভ ছবি, ভাষা-শহীদদের ছবি, জাতিসংঘে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ও মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার বাংলা ভাষায় প্রদত্ত ভাষণের আলোকচিত্র, ৭-ই মার্চের ঐতিহাসিক ভাষণের আলোকচিত্র, ১৯৭১ সালের ফেব্রুয়ারিতে বাংলা একাডেমিতে প্রদত্ত বঙ্গবন্ধুর ভাষণ, ইউনেস্কো কর্তৃক একুশে ফেব্রুয়ারিকে আন্তর্জাতিক মাতৃভাষা দিবসের স্বীকৃতির ঘোষণাপত্র, বিভিন্ন ভাষাগোষ্ঠীর ঐতিহাসিক বিবর্তনের চিত্র, বিভিন্ন ভাষার লিপির নিদর্শন, এশিয়ার ৫০টি ও অস্ট্রেলিয়া প্রশান্ত মহাসাগরীয় ২০টি এবং ইউরোপীয় মহাদেশের রাষ্ট্রসমূহের মাতৃভাষা পরিস্থিতি ও সাংস্কৃতিক বৈচিত্র্য জাদুঘরে প্রদর্শনীর জন্য সংরক্ষণ করা হয়েছে। এ সংক্রান্ত বিষয়ে ভবিষ্যত প্রজন্মকে সচেতন করার লক্ষ্যে বিভিন্ন বিদ্যালয়ের শিক্ষার্থীদের জন্য এ ভাষা-জাদুঘর পরিদর্শনের ব্যবস্থা করা হয়েছে।	২১ ফেব্রুয়ারি ২০১১

১৬/২/২০

ক্রমিক	মন্ত্রণালয়/বিভাগ/দপ্তর/সংস্থার নাম	উদ্ভাবিত ও অনুসৃত 'ইনোভেটিভ/সৃজনশীল কর্মপদ্ধতি/উত্তম চর্চা'র নাম	উদ্ভাবিত ও অনুসৃত 'ইনোভেটিভ/সৃজনশীল কর্মপদ্ধতি/উত্তম চর্চা'র সংক্ষিপ্ত বিবরণ	উদ্ভাবিত ও অনুসৃত 'ইনোভেটিভ/সৃজনশীল কর্মপদ্ধতি/উত্তম চর্চা'র কার্যক্রম শুরুর সময়/তারিখ
		আন্তর্জাতিক ইনস্টিটিউটের লাইব্রেরি সেবা বিদ্যমান ইনস্টিটিউটের ওয়েবসাইটের 'http://103.48.17.225/Opac/Login' -লিংকে ভিজিট করে এই সেবা গ্রহণ করা যাবে। এ সেবার মাধ্যমে আগ্রহী পাঠক আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউটের লাইব্রেরি সংরক্ষিত গ্রন্থসমূহ সম্পর্কে জানতে পারবে এবং পরবর্তী সময়ে লাইব্রেরিতে বই যুঁজে বের করা সহজে হবে।	আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউটের লাইব্রেরি সেবা বিদ্যমান ইনস্টিটিউটের ওয়েবসাইটের 'http://103.48.17.225/Opac/Login' -লিংকে ভিজিট করে এই সেবা গ্রহণ করা যাবে। এ সেবার মাধ্যমে আগ্রহী পাঠক আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউটের লাইব্রেরি সংরক্ষিত গ্রন্থসমূহ সম্পর্কে জানতে পারবে এবং পরবর্তী সময়ে লাইব্রেরিতে বই যুঁজে বের করা সহজে হবে।	মার্চ ২০২১

  
 (মাহবুবা আক্তার)  
 উপপরিচালক (উপসচিব)  
 ফোন: ৮-৩৯১৫৯৫  
 ই-মেইল: imli.moebd@gmail.com  
